# Bangla 2nd Paper

## YEAR 2020

# DHAKA BOARD

## সারাংশ

বাল্যকাল হইতেই আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা নিতান্ত আবশ্যক, তাহাই কণ্ঠস্থ করিতেছি। তেমন করিয়া কোনো মতে কাজ চলে মাত্র, কিন্তু মনের বিকাশ লাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না। আহারাদি রীতিমতো হজম করিবার জন্য হাওয়া খাওয়া দরকার। তেমনি একটা শিক্ষা পুস্তককে রীতিমতো হজম করিতে অনেকগুলি পাঠ্যপুস্তকের সাহায্য আবশ্যক। আনন্দের সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিতে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণশক্তি, চিন্তা বেশ সহজ স্বাভাবিক নিয়মে বৃদ্ধি পায়।

[দিনাজপুর বোর্ড '২০]

**সারাংশঃ**

আমাদের শিক্ষা ব্যবস্থার সবচেয়ে বড় সমস্যা হচ্ছে এখানে শিক্ষার সাথে আনন্দ নেই। শিক্ষাব্যবস্থা হওয়া উচিত এমন যেখানে আনন্দের সাথে শিক্ষাগ্রহণ হবে, এতে করেই শিক্ষার্থীদের চিন্তাশক্তির উৎকর্ষ ঘটবে।

# আবেদনপত্র

**প্রশ্নঃ মনে করো তোমার নাম কেয়া। তুমি যশোর জিলা স্কুলের একজন শিক্ষার্থী। দরিদ্র তহবিল থেকে আর্থিক সাহায্য চেয়ে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লিখ।**

[ঢাকা বোর্ড '২০]

০৫/২/২০২২

প্রধান শিক্ষক,

যশোর জিলা স্কুল,

যশোর।

**বিষয়ঃ** দরিদ্র তহবিল থেকে আর্থিক সাহায্য মঞ্জুরের আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের একজন নিয়মিত ছাত্রী। আমাদের ছয় সদস্যবিশিষ্ট পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি আমার বাবা। সম্প্রতি মহামারীর কারণে তিনি তার চাকরি হারিয়েছেন, ফলে আমরা আর্থিকভাবে বেশ বিপাকে পড়েছি। এমতাবস্থায় আমার পড়াশোনা চালিয়ে যাওয়ার জন্য বিদ্যালয়ের দরিদ্র তহবিল থেকে আর্থিক সাহায্য আবশ্যক।

অতএব, আমার আকুল আবেদন, বিষয়টি বিবেচনা করে আমাকে উক্ত সাহায্য মঞ্জুর করতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক,

আপনার অনুগত ছাত্রী

কেয়া

দশম শ্রেণি,

মানবিক বিভাগ

রোল নম্বর-১

# JESSORE BOARD

## প্রতিবেদন

**প্রশ্ন: আজকের যুব সমাজের নৈতিক অবক্ষয় উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটা প্রতিবেদন রচনা কর।**

*[য.বো.২০২০]*

**উত্তর:**

**"যুব সমাজের নৈতিক অবক্ষয়"**

***নিজস্ব প্রতিবেদক , রাজশাহী।।*** যুবকেরাই দেশের ভবিষ্যৎ। তাদের সুস্থ-স্বাভাবিক পদচারণার মাধ্যমেই দেশের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে ওঠে। কিন্তু তারা যদি সৎ চারিত্রিক গুণাবলির সমাবেশ নিজেদের মধ্যে না ঘটায় তবেই তাদের নিজেদের অবনতির সাথে সাথে সমাজ তথা দেশের সার্বিক অগ্রগতিও বাধাগ্রস্থ হয়। ব্যক্তি এবং সামাজিক জীবনে কোনো মানুষ কোনোকালেই সকলের শ্রদ্ধা ও বিশ্বস্ততা লাভ করতে পারে না যদি তার নৈতিক মূল্যবোধ না থাকে।

নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ স্বভাবতই উত্তম চরিত্রের হয়ে থাকে। তাই সৎ চরিত্রবান মানুষের প্রভাব পড়ে সমাজে, কোনো একটি বিশেষ কারণে মানুষের নৈতিক মূল্যবোধের পতন ঘটে না, নানাবিধ কারণে এ অবক্ষয়ের শিকার হয় মানুষ। সমাজ জীবনে চরম দারিদ্র্য, শিক্ষিত বেকারের কর্মহীনতা, ভোগবাদী মানুষের বিলাসী প্রতিযোগিতা, ধর্মীয় বিধি-নিষেধকে গুরুত্ব না দেয়া, মাদকাসক্ত হওয়া প্রভৃতি কারণে মানব তার নৈতিক মূল্যবোধ হারায়।

সাম্প্রতিক কালে আমাদের যুব সমাজের নৈতিক মূল্যবোধের অবক্ষয় ও উচ্ছৃঙ্খলতায় সকলেই বিশেষভাবে উদ্বগ্ন, তাদের উচ্ছৃঙ্খলতার কলঙ্কিত স্বাক্ষর পড়ে পরীক্ষা হলে, বাসে, পথে-প্রান্তরে, সমাজ জীবনের অলিতে গলিতে । যুবক স্বভাবতই অগ্রসর হতে চায়, চায় কমব্যস্ততা। কিন্তু আজ তাদের সামনে অগ্রসর হওয়ার সব পথ রুদ্ধ, কর্মহীনতার অভিশাপে কেউ কেউ রাজনৈতিক ব্যক্তি বা দলের সাথে সম্পৃক্ত হয়ে পড়ে এবং রাজনীতিকদের স্বার্থবাদিতায় প্রভাবিত হয়ে তাদের ক্রীড়ানক হিসেবে কাজ শুরু করে। স্বভাবতই শৃঙ্খলাবোধ হারিয়ে হিংস্র রাজনৈতিক পরিমণ্ডলে আশ্রয় নিয়ে যুবসমাজ উচ্ছৃঙ্খলতার কলঙ্কের বোঝা মাথায় বয়ে চলছে।

তাছাড়া কুরুচি ও নৈতিকতার অবক্ষয়পূর্ণ চলচ্চিত্র প্রদর্শনীও যুব সমাজকে উচ্ছৃঙ্খলতার পথে পরিচালিত করে। যুব সমাজকে একথা মনে রাখতে হবে যে, তাদের জীবনের এ সময়টাই হলো দায়িত্ববোধ বিকাশের কাল, সামাজিক কর্তব্যবোধে দীক্ষিত হওয়ার সময়।

একটা সুন্দর , কল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠা এবং আদর্শ সমাজ বিনির্মাণের তাগিদ থেকে আমাদের নৈতিক ও সামাজিক মূল্যবোধের জাগরণ জরুরি, যুবসমাজের এই নৈতিক অবক্ষয় রোধে আমাদের সকলেরই এগিয়ে আসা প্রয়োজন।

প্রতিবেদকের নাম ও ঠিকানা : আরিশা সালসাবিল, তালাইমারী মোড়, রাজশাহী

প্রতিবেদনের শিরোনাম : “যুব সমাজের নৈতিক অবক্ষয়”

প্রতিবেদন তৈরির সময় : সন্ধ্যা ৬:০০টা

প্রতিবেদন তৈরির তারিখ : ২০ নভেম্বর, ২০২১ খ্রি.

10 MINUTE SCHOOL

# BARISAL BOARD

## সারাংশ

অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে ধীর ও সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক করো, সপ্তাহে অন্তত একদিন তুমি মিথ্যা কথা বলবে না। দু মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলার অভ্যাস করো। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা করো, সপ্তাহে তুমি দু দিন মিথ্যা কথা বলবে না। এক বছর পর দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেক সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে, যখন ইচ্ছে করেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনো ইচ্ছা করো না। তাহলে সব পণ্ড হবে।

[বরিশাল বোর্ড '২০]

**সারাংশঃ**

মানুষের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে অভ্যাস। এমনকি, একজন ভালো মানুষ হতে গেলেও অভ্যাসের দরকার হয়। কাজেই হুট করে কখনো ভালোমানুষ হওয়ার চেষ্টা করে লাভ নেই, বরং ধীরে ধীরে সাধনার মাধ্যমে অভ্যাস করে নিতে হবে।

# MYMENSINGH BOARD

## সারাংশ

মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ- মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বুকে অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে, জগতের কল্যাণ সাধন করিতেছে; পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতির জীবন উন্নত হয়। প্রকৃত মানুষই জাতীয় জীবনের প্রতিষ্ঠা ও উন্নয়ন আনয়নে সক্ষম।

[ময়মনসিংহ ২০২০]

**সারাংশঃ**

অন্য সকল প্রাণীর সাথে মানুষের পার্থক্য হচ্ছে, একমাত্র মানুষের মধ্যেই বিবেকবোধ উপস্থিত। এই বিবেকের জন্যই মানুষ অনন্য। মানুষের এই অনন্যতা দিয়েই তারা জাতীয় জীবনেও উন্নতি আনতে পারে।

# আবেদনপত্র

**প্রশ্নঃ মনে কর, তুমি সিয়াম। রাজশাহী কলেজিয়েট স্কুলের শিক্ষার্থী। স্কুলের ভেতর ক্যান্টিন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান শিক্ষকের কাছে দরখাস্ত লেখ।**

[ময়মনসিংহ বোর্ড '২০]

০৫/২/২০২২

প্রধান শিক্ষক,

রাজশাহী কলেজিয়েট স্কুল,

রাজশাহী।

**বিষয়ঃ** স্কুলের ভেতরে ক্যান্টিন স্থাপনের জন্য আবেদন।

জনাব,

আমরা আপনার বিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থী। আমাদের প্রতিদিন সকাল দশটা থেকে বিকাল চারটা পর্যন্ত নিয়মিত ক্লাস করতে হয়। এতটা সময় পর্যন্ত ক্লাস করার জন্য টিফিন বিরতিতে আমাদের মানসম্পন্ন খাবার প্রয়োজন হয়। কিন্তু দুঃখের বিষয় আমাদের স্কুলের ভেতর কোনো ক্যান্টিন নেই, ফলে বাইরের মানহীন খাবার খেয়ে অথবা বিকাল পর্যন্ত না খেয়ে থেকে অনেকেই অসুস্থ হয়ে যাচ্ছে।

অতএব, আমাদের আকুল আবেদন, বিষয়টি বিবেচনা করে স্কুলের ভেতর ক্যান্টিন স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বিনীত নিবেদক,

আপনার অনুগত ছাত্র

সিয়াম

দশম শ্রেণি,

মানবিক বিভাগ, রোল নম্বর- ১

স্কুলের শিক্ষার্থীদের পক্ষে।

**প্রশ্নঃ মনে করো তুমি তারিন। তুমি পটুয়াখালীর বাউফল গ্রামের বাসিন্দা। তোমার এলাকার মজাপুকুর সংস্কারের জন্য আবেদন জানিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছে দরখাস্ত লেখ।**

**[ময়মনসিংহ বোর্ড '২০]**

০৫/২/২০২২

ইউনিয়ন চেয়ারম্যান,

বাউফল ইউনিয়ন পরিষদ,

পটুয়াখালী।

**বিষয়ঃ** বাউফল গ্রামের মজাপুকুর সংস্কার প্রসঙ্গে।

জনাব,

আমি আপনার ইউনিয়নের বাউফল গ্রামের একজন বাসিন্দা। আমাদের গ্রামে সম্প্রতি একটি মজাপুকুর থেকে মশার ভয়াবহ প্রাদুর্ভাব ঘটেছে। এমতাবস্থা চললে অচিরেই ডেঙ্গু ও ম্যালেরিয়ার মতো মশাবাহিত রোগগুলো মহামারীর রূপ নেবে। এই সমস্যা থেকে উত্তরণের জন্য পুকুরটি সংস্কার করা আশু প্রয়োজন।

অতএব, আমরা আশা করছি পুকুরটি সংস্কার করার জন্য শীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নিবেদক,

তারিন

গ্রামঃ বাউফল

ইউনিয়নঃ বাউফল

বাউফলবাসীদের পক্ষে।